



**এটুআই কর্তৃক “চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং  
এ-সংশ্লিষ্ট অগ্রসরমান প্রযুক্তিসমূহের ব্যবহার” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত**

আজ ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে এটুআই এর সার্বিক ব্যবস্থাপনায় ‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং এ সংশ্লিষ্ট অগ্রসরমান প্রযুক্তি সমূহের সম্ভাব্য ব্যবহার’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এবং প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দেশের সার্বিক টেকনোলজি খাতের উন্নয়ন জরুরি। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও দেশের প্রতিটি নাগরিককে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করে তুলতে নাগরিকদের প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তোলার কোনো বিকল্প নেই। দক্ষতা বৃদ্ধিতে চলমান ধারা বজায় রাখার জন্য বিভাগীয় পর্যায়ে এই প্রথম এটুআই কর্তৃক এ ধরনের কর্মশালার আয়োজন করা হয়েছে।

কর্মশালায় চতুর্থ শিল্প বিপ্লবের প্রতিটি ক্ষেত্র নিয়ে যেমন আইওটি, ব্ল্যাকচেইন, রোবোটিক্স, চ্যাটজিপিটিসহ বিভিন্ন বিষয় নিয়ে ব্যাপক আলোচনা করা হয় ও ভিডিও চিত্রের মাধ্যমে উপস্থিত কর্মকর্তাবৃন্দের এর সুবিধা ও অসুবিধা সম্পর্কে অবহিত করা হয়। যাতে বিভিন্ন বিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্বপ্রাপ্তরা চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেষ্ট থাকতে পারেন, কর্মক্ষেত্রে এর বাস্তবায়ন ঘটাতে পারেন এবং সাধারণ নাগরিকদের এই চ্যালেঞ্জ মোকাবেলায় সাহায্য করতে পারেন।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সুলতানা তানজিয়া বলেন, যেকোনো কাজ করার আগে আপনাকে বিশ্বাস করতে হবে যে আপনি সেটা পারবেন। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে হলে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ সম্পর্কে জানার কোন বিকল্প নেই। চতুর্থ শিল্প বিপ্লব খুবই দ্রুত হচ্ছে যার কারণে এই বিষয়ে সবার ধারণা থাকতে হবে। তিনি স্কুল-কলেজের শিক্ষার্থীদের এই বিষয়ে ধারণা দেওয়ার ব্যাপারে গুরুত্ব দিয়ে বলেন বর্তমানের শিক্ষার্থীরা আগামীদিনের দেশ পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিভিন্ন দপ্তর প্রধানদের চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে জানতে হবে বলে এ সময় তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত হন এটুআই এর প্রকল্প পরিচালক মোহাম্মদ মামুনুর রশিদ ভূঁইয়া। তিনি বলেন, বাংলাদেশকে এই বিপ্লবের সুযোগ গ্রহণ করতে হলে আগাম ব্যাপক প্রস্তুতি গ্রহণ করতে হবে, দেশের প্রত্যেক নাগরিককে হতে হবে প্রযুক্তি নির্ভর। আর এজন্য আমাদের প্রধান লক্ষ্য হতে হবে চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী সুদক্ষ মানব সম্পদ সৃষ্টি এবং শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন।

কর্মশালায় আরো উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমেদ, পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) মাহফুজুল আলম মাসুম প্রমুখ।

#